

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৩৫

খোয়াই, ১৭ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪
খোয়াই জেলায় ভোট প্রস্তুতি নিয়ে বৈঠক

লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচন উপলক্ষে গতকাল খোয়াই জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন জেলা নির্বাচন আধিকারিক চাঁন্দনী চন্দ্রন। বৈঠকে জেলা নির্বাচন আধিকারিক জেলায় সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ সম্পন্ন করার উপর গুরুত্ব আরোপ করেন। তাছাড়াও জেলা নির্বাচন আধিকারিক আদর্শ নির্বাচনী আচরণবিধি নিয়েও আলোচনা করেন। বৈঠকে উপস্থিত ছিলেন জেলার পুলিশ সুপার ড. রমেশ যাদব, ২৪-রামচন্দ্রঘাট (এসটি), ২৫-খোয়াই, ২৬-আশারামবাড়ি (এসটি), ২৭-কল্যাণপুর প্রমোদনগর, ২৮-তেলিয়ামুড়া ও ২৯-কৃষ্ণপুর (এসটি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের এআরওগণ এবং নোডাল অফিসারগণ।
